



পাকিস্তানে ত্রাণ অভিযানে হেলিকপ্টার বিধ্বস্ত, পাইলটসহ ৫ জন নিহত



সংগৃহীত ছবি

পাকিস্তানের খাইবার পাখতুনখ'য়া (কেপি) প্রদেশে বন্যা ত্রাণ সরবরাহের সময় একটি সরকারি এমআই-১৭ হেলিকপ্টার বিধ্বস্ত হয়ে পাইলটসহ সব পাঁচ আরোহী নিহত হয়েছেন।

শুক্রবার (১৫ আগস্ট) স্থানীয় সময় দুপুরে এ দুর্ঘটনা ঘটে। নিহতদের মধ্যে দুইজন পাইলট ও তিনজন ত্রু সদস্য ছিলেন।

প্রাদেশিক সরকারের পক্ষ থেকে জানানো হয়, তীব্র বর্ষণ ও পাহাড়ি এলাকায় আকস্মিক বন্যার কারণে ক্ষতিগ্রস্তদের কাছে ত্রাণ পৌঁছে দিতে হেলিকপ্টারটি রওনা হয়। তবে প্রতিকূল আবহাওয়া ও কম দৃশ্যমানতার কারণে পাহাড়ি এলাকায় পৌঁছানোর আগেই হেলিকপ্টারটি দুর্ঘটনার শিকার হয়।

দুর্ঘটনার খবর পাওয়ার পর স্থানীয় প্রশাসন ও সেনাবাহিনী যৌথভাবে উদ্ধার অভিযান শুরু করে। তবে ঘটনাস্থল দুর্গম হওয়ায় দ্রুত পৌঁছানো সম্ভব হয়নি। পরে সব আরোহীর মরদেহ উদ্ধার করে সামরিক হাসপাতালে নেওয়া হয়।

কেপি প্রদেশের মুখ্যমন্ত্রী গভীর শোক প্রকাশ করে শনিবারকে শোক দিবস ঘোষণা করেছেন। সরকারি ভবনগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং নিহতদের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হবে বলে জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, গত কয়েকদিনের ভারী বর্ষণ ও বন্যায় পাকিস্তানজুড়ে অন্তত ১৬০ জনের প্রাণহানি ঘটেছে। এর মধ্যে শুধু খাইবার পাখতুনখ'য়া প্রদেশেই শতাধিক মানুষের মৃত্যু হয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও উদ্ধার কার্যক্রম এখনো চলমান।